

১৬০৯  
২২

**ঢাবিতে ভূয়া ভর্তি।  
আরও ২২  
শনাক্ত**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯ ঢাকা  
বিশ্ববিদ্যালয়ে চলমান ভূয়া ভর্তিবিরোধী  
অভিযানে আরও ২২ ভূয়া শিক্ষার্থীকে  
শনাক্ত করা হয়েছে। এ নিয়ে এ পর্যন্ত  
ভূয়া শিক্ষার্থীর সংখ্যা ৫২-তে দাঁড়াল।  
সকল অনুশ্রম থেকে উপাচার্য অফিসে  
ভর্তির তালিকা পাঠানো হলে এ সংখ্যা  
আরও বাড়ার আশঙ্কা রয়েছে। বিগত  
ছোট সরকারের সময় নিয়োগ পাওয়া  
অনেক কর্মকর্তা-কর্মচারী এই ভূয়া ভর্তির  
সঙ্গে জড়িত বলে সন্দেহ করা হচ্ছে।  
ভূয়া শিক্ষার্থী শনাক্ত করতে গঠিত তদন্ত  
(২- পৃষ্ঠা ৩-এর ক। দেখুন)

**ঢাবিতে ভূয়া ভর্তি** (প্রথম পাতার পর)  
কমিটির সভা  
সোমবার প্রো-উপাচার্য অফিসে অনুষ্ঠিত হয়। কমিটির  
আহ্বায়ক প্রো-উপাচার্য অধ্যাপক ড. আফম ইউসুফ  
হামদার এতে সভাপতিত্ব করেন। সভায় বিভিন্ন উপায়ে  
যাচাই করে নতুন আরও ২২ ভূয়া শিক্ষার্থীকে শনাক্ত করা  
হয়। অতিরিক্ত এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।  
গত বছর বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগে সর্বপ্রথম  
ভূয়া শিক্ষার্থী ধরা পড়ে। তখন গঠিত তদন্ত কমিটি ১১  
ভূয়া শিক্ষার্থীকে শনাক্ত করে সেই ধারাবাহিকতায় তদন্ত  
কমিটি গত মাসে লোকপ্রশাসন অর্ধনীতি ও আন্তর্জাতিক  
সম্পর্ক বিভাগে আরও ৩০ ভূয়া শিক্ষার্থীরা খোঁজ পায়।  
সেই ভূয়া ভর্তির সঙ্গে জড়িত সন্দেহে বিশ্ববিদ্যালয়ের তিন  
কর্মকর্তা-কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।  
এদিকে তদন্ত কমিটি চলতি মাসের ১৫ তারিখের মধ্যে  
সকল অনুশ্রমের দিনদের নিকট শিক্ষার্থী ভর্তির তালিকা  
চেয়ে পাঠিয়েছে। এই তালিকা থেকে আরও ভূয়া শিক্ষার্থী  
বের হয়ে আসতে পারে বলে সর্শ্রিষ্ট অনেকে মনে করছে।  
সূত্র মতে, বিগত ছোট সরকারের আমলে বিশ্ববিদ্যালয়  
নিয়োগ পাওয়া অনেক কর্মকর্তা-কর্মচারী এই ভূয়া ভর্তির  
সঙ্গে জড়িত রয়েছে বলে জানা গেছে। ক্ষমতায় থাকার  
সুবিধা নিয়ে যেটা অঙ্কের টাকার বিনিময়ে ওই কর্মকর্তা-  
কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ  
শিক্ষার্থীদের অবৈধভাবে ভর্তি করিয়ে দেয়। এ ছাড়া  
দেশের একটি শীর্ষস্থানীয় ভর্তি কোর্সিং ও এই ভূয়া ভর্তির  
সঙ্গে জড়িত বলে অনেকে অভিযোগ করেছে।  
তদন্ত কমিটির প্রধান অধ্যাপক আফম ইউসুফ হামদার  
জনকণ্ঠকে বলেছেন, আমি ও আমার তদন্ত কমিটির  
সদস্যরা কাউতে ছাড় দেব না। যাদের বিরুদ্ধে অভিযোগ  
পাওয়া যাবে তদন্তে তা প্রমাণিত হলে কঠোর শাস্তি দেয়া  
হবে।